

সারাদেশ

ফেনীতে জানালার গ্রিল কেটে প্রবাসীকে কুপিয়ে ডাকাতি



প্রতিবেদক: Bangladesh

প্রকাশের তারিখ: শুক্রবার, ১৮ সেপ্টেম্বর ২০২৬, ০৯:৪৫ PM



ফেনীর ছাগলনাইয়ায় গভীর রাতে জানালার গ্রিল কেটে একটি বাসায় ঢুকে এক ওমানপ্রবাসীকে কুপিয়ে আহত এবং তার স্ত্রীকে মারধরের পর স্বর্ণালংকার ও নগদ টাকা লুটের অভিযোগ উঠেছে।

বৃহস্পতিবার (১৭ সেপ্টেম্বর) দিবাগত রাত ৩টার দিকে ছাগলনাইয়া পৌরসভার পশ্চিম ছাগলনাইয়া বনানীপাড়ার ভূঁইয়া ভবনের দ্বিতীয় তলায় এ ঘটনা ঘটে।

ভুক্তভোগী আব্দুর রশিদ ভূঁইয়া জানান, তিনি ও তার স্ত্রী ওই ভবনের দ্বিতীয় তলায় বসবাস করেন। রাত ৩টার দিকে কয়েকজন ডাকাত জানালার গ্রিল কেটে বাসায় প্রবেশ করে। এ সময় ডাকাতরা তাকে কুপিয়ে আহত করে এবং তার স্ত্রীকে মারধর করে।

পরে ডাকাতরা বাসা থেকে প্রায় সাড়ে তিন ভরি স্বর্ণালংকার ও নগদ টাকা নিয়ে পালিয়ে যায় বলে অভিযোগ করেন তিনি। ঘটনার সময় বাসায় স্বামী-স্ত্রী ছাড়া আর কেউ ছিলেন না।

আহত আব্দুর রশিদ পরে ভোরে ছাগলনাইয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে গিয়ে চিকিৎসা নেন।
ছাগলনাইয়া থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) মোহাম্মদ ইসমাইল বলেন, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। সিসিটিভি ফুটেজ সংগ্রহ করে ঘটনার তদন্ত চলছে।
তিনি জানান, ভুক্তভোগী পরিবারের পক্ষ থেকে অভিযোগ পাওয়া গেলে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

এ বিভাগের আরও খবর



রাউজের ইয়াবাসক্ত ছেলেকে পুলিশে দিলেন বাবা
মাদারীপুরের রাউজের ইয়াবাসক্ত হেলের অভ্যাস ও হত্যার হুমকিতে অতিষ্ঠ হয়ে তাকে পুলিশের হাতে তুলে দিয়েছেন এক বাবা।
উপজেলার কামালদি ব্রিজের সূতা...



ঝালকাঠিতে গাঁজাসহ তরুণ গ্রেফতার
ঝালকাঠির নলছিটিতে দুই কেজি গাঁজাসহ রাফিব হাসান সরদার (১৯) নামে এক তরুণকে গ্রেফতার করেছে পুলিশ।সোমবার রাত ১০ টার দিকে উপজেলার দপদপিয়া ইউনিয়নে...



শার্শায় ২০০ বোতল উইনসেরীক্স কফ সিরাপসহ গ্রেপ্তার ১
যশোরের শার্শায় ২০০ বোতল উইনসেরীক্স কফ সিরাপসহ মো. সবুজ খান (৩৫) নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে থানা পুলিশ। মঙ্গলবার (৬ অক্টোবর) দুপুর ২টার...



ব্রাহ্মণবাড়িয়ায় কিশোর গ্যাংবিরোধী অভিযানে আটক ৪২, পরে মুচলেকায় ছাড়া
ব্রাহ্মণবাড়িয়া শহরে কিশোর গ্যাংবিরোধী বিশেষ অভিযানে ৪২ জনকে আটক করে পুলিশ। অজ্ঞাত বয়সসহ সামাজিক পরিষ্কৃতি
বিবেচনায় মুচলেকা নিয়ে গতকাল লোম....

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/fenite-janalar-gril-kete-prbasike-kupiye-dakati>